(۳) جسکو ناموری کی رغبت ہوے- اسکو خاص آدمی مت جان بلکہ وہ عام آدمی ہے
(٤) اگرتیرا دل زینت سے فارغ ہوے-کب تجھکو سواری اور زینت کی خواہش ہوے-
(٥) دل کی چہرے کو جب تو خواہش سے پھیر لیا- اسکے بعد جان تو کہ خدا کو پالیا-

শব্দার্থ– তাহকীক ঃ خم مشو বাঁকা হইওনা, ঝুকিওনা, طاق মেহরাব, تانگردی যাহাতে না হও, جفت মিল, জোড়, اہل نفاق মুনাফেক نکونامی সুখ্যাতি, ننگ লজ্জা, نفرتش তাহার ঘৃণা, ذوق আগ্রহ, স্বাদ গ্রহণ, مشمارش তাহাকে গণ্য করিওনা, عامی - ش ضمیر مفعولی সাধারণ, مرکب یائے نسبتی যুক্ত زینت সোয়ারী, (زین + ت) তোমার যিন পোশ, সোয়ারীর পিঠের গদি।

বঙ্গানুবাদ ঃ (১) ধনী মানুষের সম্মুখে মেহরাবের ন্যায় ঝুকিও না, যাহাতে তুমি মুনাফেকদের সহিত মিলিত না হও। ১.

(২) খোদার পথের পথিকদের মাখলূকের থেকে নামযশ ও লজ্জার কোন পরোয়া নাই। মোটা পোশাকের প্রতি তাহার কোন ঘৃণা নাই।

(৩) সু-খ্যাতির প্রতি যাহার আকর্ষণ থাকে-তাহাকে খাছ বন্দাগণ্য করিওনা বরং সে সাধারণ মানুষ। (কেননা ইহা খাছ ব্যক্তির পরিচয় নয়।)

(৪) যদি তোমার অন্তর সাজ-সজ্জা হইতে মুক্ত হয়, তাহলে কখন (কিরূপে) সোয়ারী (বাহন) ও যিনপোশের খাহেশ হইবে?

(৫) অন্তরের চেহারা যখন কামনা-বাসনা হইতে ফিরাইয়া লইয়াছ- উহার পরে জানিয়া রাখ যে, আল্লাহ কে পাইয়াছ।

টীকা ঃ (১) কেননা মালের জন্য দুনিয়াদারদের নিকট নত হওয়া আল্লাহ ওয়ালাদের নিদর্শন নয়। তাহারা তো সদা আল্লাহর প্রতি মুখাপেক্ষী থাকিবে। সুতরাং দরবেশীর লেবাসে দুনিয়াদারের মুখাপেক্ষী হওয়া মুনাফেকী ছাড়া কি?

Free© www.e-iqra.com

در بیانِ دریافتنِ حقیقتِ نفسِ امّارہ

چوں شتر مرغے شناس ایں نفس را | نے کشد بارو نہ پرّد بر ہوا
گر بپرگویش گویدا شترم | ور نہی بارش بگوید طائرم
چوں گیاہِ زہر رنگش دلکش ست | لیک طعمش تلخ و بویش ناخوش ست
گر بطاعت خوانیش سستی کند | لیک اندر معصیت چستی کند
نفس را آں بہ کہ در زنداں کنی | ہر چہ فرماید خلافِ آں کنی

ترجمہ اردو : (۱) شتر مرغ کیطرح پہچان اس نفس کو- نہ کھینچتا ہے بوجھ نہ اڑتا ہے ہوامیں
(۲) اگر تو اسکو اڑنے کو کہے تو کہتا ہے، کہ میں اونٹ ہوں- اگر اسپر بوجھ لادے تو کہتا ہے کہ میں پرندہ ہوں-
(۳) زہر یلے گھاس کیطرح اسکا رنگ دل کھینچنے والا ہے- لیکن اسکا مزہ کڑوا اور اسکا بو ناپسند ہے-
(٤) اگر تو اسے عبادت کیطرف بلائے تو سستی کرتا ہے -لیکن گناہ میں جلدی کرتا ہے
(٥) نفس کیلئے یہی بہتر ہے کہ اسکو جیل خانہ میں کرے- جو کچھ کہے تو اسکا الٹا کرے

শব্দার্থ- তাহ্কীক ঃ *حقیقت* বাস্তবতা, তত্ত্ব, *شتر مرغ* উটপাখী, *نے کشد بار* বোঝা বহন করেনা, *پرد* উড়েনা, *مضارع* بپر، উড়, *امر، واحد حاضر* উভয়টির মাসদার *گویش* - *پریدن* উহাকে বল। *ش ضمیر م گفتن مضارع ، واحد حاضر* *اشترم* মূলত *اشتر ہستم* ছিল -আমি উট। *طائرم* আমি পাখী। *گیاہ* ঘাস, *دل کش* হৃদয়গ্রাহী, চিত্তাকর্ষক, *اسم فاعل سماعی* *طعمش م کشیدن* উহার স্বাদ *تلخ* তিক্ত, *خوانیش* উহাকে ডাক, *چستی* চাতুরতা, তাড়াহুড়া, *زندان* জেলখানা।

বঙ্গানুবাদ ঃ (১) এই নফস কে উট পাখীর ন্যায় জান- না বোঝা বহন করে, না শুন্যে উড়ে।

(২) যদি তুমি উহাকে বল যে, 'উড়' সে বলে আমিতো উট (উটতো উড়েনা)। আর যদি তাহার উপর বোঝা রাখ সে বলে 'আমি তো পাখী'।

(৩) বিষাক্ত সাপের ন্যায় উহার রং চিত্তাকর্ষক, কিন্তু উহার স্বাদ তিক্ত এবং গন্ধ অপছন্দনীয়।

(৪) যদি তাহাকে (নফসকে) ইবাদতের প্রতি আহবান কর উহা অলসতা করে। অথচ গোনাহের মধ্যে অতি তাড়াহুড়া করে।

(৫) নফ্সের জন্য ইহাই উত্তম যে, উহাকে জেলখানায় আবদ্ধ করিবে এবং যাহা বলিবে উহার বিপরীত করিবে।

Free @ www.amarboi.org

Free @ www.e-iqra.weebly.com

کامِ نفسِ بد برآوردن خطاست | زانکہ دشمن را ببروردن خطاست
نیست درمانش بجز جوع و عطش | تاکہ سازی رام اندر طاعتش
چوں شتر در رہ درآی و بارکش | بارِ طاعت بر درِ جبّار کش
بارِ ایزد را بجاں باید کشید | ورنہ ہمچو سگ زباں باید کشید
ہر کہ گردن می کشد زیں بار ہا | باشد از نفریں بر و انبار ہا

ترجمہ اردو : (۱) بد نفس کا مقصود پورا کرنا گناہ ہے- کیونکہ دشمن کو پالنا نادرست ہے-

(۲) بھوک اور پیاس کے علاوہ اسکا علاج نہیں ہے -تاکہ تواسکو عبادت میں تابع بنادے

(۳) شترمرغ کیطرح راستہ میں آ اور بوجھ کھینچ - اللہ کے دروازہ پر عبادت کا بوجھ کھینچ -

(٤) اللہ کے بوجھ کو دل سے کھینچنا چاہئے - وگرنہ کتے کے مانند زبان کھینچنا چاہئے -

(٥) جو شخص گردن کھینچتا ہے ان بوجھوں سے -اسپر لعنت کی بہت بوجھ ہوتا ہے

শব্দার্থ- তাহকীক ঃ درمان ঔষধ, চিকিৎসা, جوع ক্ষুধা, عطش তৃষ্ণা, পিপাসা, رام বাধ্য, অনুগত, بار বোঝা, کش টান, বহন কর, ایزد আল্লাহ, بجاں অন্তর দ্বারা, আনন্দ চিত্তে, نفریں লা'নত, আযাব উদ্দেশ্য।

বঙ্গানুবাদ ঃ (১) দুষ্ট নফসের কামনা পূরণ করা পাপ, কেননা শত্রুকে প্রতিপালন করা অন্যায়।

(২) ক্ষুধা ও তৃষ্ণা ছাড়া তাহার কোন ঔষধ নাই। যাহা দ্বারা তুমি তাহাকে ইবাদতে বাধ্য করিবে।

(৩) তুমি উটের ন্যায় রাস্তায় আস ও বোঝা বহন কর। আল্লাহর দরবারের ইবাদতে বোঝা বহন কর।

(৪) আল্লাহর (ইবাদতের) বোঝা কে অন্তর দ্বারা সন্তুষ্টি চিত্তে টানা উচিৎ। নতুবা কুকুরের ন্যায় জিহ্বা টানা (বাহির করা) উচিৎ। (অর্থাৎ, অন্যথায় কুকুরের ন্যায় লাঞ্ছিত হইতে হইবে।

(৫) যে ব্যক্তি এই (ইবাদতের) বোঝা সমূহ হইতে ঘাড় টানিয়া লয় (পরকালে) তাহার উপর লা'নতের (আযাবের) বহু বোঝা হইবে।

چوں شتر مرغ آنکہ از بارش گریخت | از گلستانِ حیاتش پر بریخت
ہر کہ بارش را تحمّل می کند | در جہاں جانش تجمّل می کند
کردۂ بارِ امانت را قبول | از کشیدن پس نبایدشد ملول
روزِ اوّل خود فضولی کردۂ | واں فضولی از جہولی کردۂ
جنبشے کن اے پسر غافل مباش | چوں بلی گفتی بہ تن تنبل مباش

ترجمہ اردو (۱) : شتر مرغ کیطرح جو شخص اپنے بوجھ سے بھاگا - اس نے اپنی حیات کی باغ سے پتے کو گرادیا

(۲) جو شخص اس (اللہ) کا بوجھ اٹھاتاہے - دنیامیں اسکی روح زینت پکڑتی ہے

(۳) تونے امانت کابوجھ قبول کیا سے - (اب) اسکو کھینچنے سے اکتاجانا نہ چاہیے

(٤) پہلادن خود تونے زیادتی کی ہے - اور وہ زیادتی نادانی سے کی ہے تونے -

(٥) حرکت کرائے لڑکا! غافل مت ہو - جب بلی (ہاں) کہاہے تو بدن سے سست مت ہو

শব্দার্থ- তাহকীক ঃ *گلستان* বাগীচা, কানন, *پر* পাতা- পল্লব, *ریخت* ফেলাইয়া দিল। *تحمل* বহন, সহ্য, *تجمل* সুশোভিত, সৌন্দর্য মন্ডিত, *بار امانت* আমনতের বোঝা, আল্লাহর তরফ হইতে শরীঅতের বিধান গ্রহণ উদ্দেশ্য, যাহা *انا عرضنا الامانة الخ* আয়াতে ব্যক্ত হইয়াছে *ملول* কষ্ট, বিরক্তি, *روز اول* প্রথম দিন অর্থাৎ যেদিন আল্লাহপাক আদম আঃ এর পৃষ্ঠদেশ হইতে কিয়ামত পর্যন্ত আগমনশীল সকল রূহকে বাহির করিয়া তাহাকে "রব" স্বীকৃতির স্বীকারোক্তি লইয়াছিলেন উক্ত দিন। *فضولی* অতিরঞ্জিত, সীমা লঙ্ঘন, *جہولی* অজ্ঞতা, বোকামী। *جنبشے کن* একটু নড়াচড়া কর, পরিশ্রম কর, *بلی* উপরোক্ত স্বীকৃতি গ্রহণকালে সকলে এক বাক্যে "হা" আপনি আমাদের রব বলিয়াছিল উক্ত স্বীকৃতি উদ্দেশ্য। *تنبل* অলস, বেকার।

বঙ্গানুবাদ ঃ (১) উট পাখীর ন্যায় যে ব্যক্তি তাহার বোঝা হইতে পলায়ন করিবে- সে তাহার জীবন বাগীচার পাতা ঝরাইয়া ফেলিল। (অর্থাৎ পাতাহীন বৃক্ষের ন্যায় সে তাহার জীবনকে সৌন্দর্যহীন ও নিষ্ফল পরিণত করিল।)

(২) যে স্বীয় বোঝা বহন করে দুনিয়ায় তাহার রুহ সৌন্দর্য মন্ডিত হয়।

(৩) তুমি (যখন) আমানতের (শরীঅতের) বোঝা গ্রহণ করিয়াছ (এখন) উহা বহন (পালন) করা হইতে কষ্টবোধ করা উচিৎ হইবেনা।

(৪) প্রথম দিন তুমি ই সীমা লঙ্ঘন করিয়াছ, আর উহা অজ্ঞতার দরুনই করিয়াছ।

(৫) তুমি নড়াচড়া কর হে বৎস! অলস হইওনা। "হা" যখন বলিয়াছ এখন শরীরে (পরিশ্রম করিতে) অলস হইওনা।

Free@ www.e-iqra.blogspot.com

Free @ www.e-iqra.weebly.com

هر که اندر طاعتش کسلاں بود | حاصلش گمراہی و خذلاں بود
وقتِ طاعت تیز رو چوں باد باش | وز ہمہ کارِ جہاں آزاد باش
راہِ پُرخوف ست و دزداں در کمیں | رہبرے برتا نمانی بر زمیں
منزلت دور ست و بارت بس گراں | کوششے کن پس مماں از دیگراں
ہر که در رہ از گراں باراں بود | ہر دمش از دیدہ چوں باراں بود

ترجمہ اردو : (۱) جو شخص اسکی بندگی میں سست ہوتاہے - اسکو گمراہی اور محرومی حاصل ہوگی-
(۲) عبادت کیوقت ہواکے مانندتیزرفتارہو-اور دنیاکےتمام کاموں سے آزادہو-
(۳) راستہ خوفناك ہے اور چورگھات میں ہے-کوئی رہبر لیجا تاکہ زمیں پرپڑانہ رہے
(٤) تیرا منزل بہت دور ہے اور بوجھ بھاری ہے- بہت کوشش کر تا کہ دوسروں کے پیچھے نہ رہے
(٥) جو شخص راستہ میں بھاری بوجھ والا ہوتاہے- ہردم اسکی آنکھ سے بارش کیطرح آنسوبہتی ہے

শব্দার্থ- তাহকীক ঃ کسلاں অলস, خذلان লাঞ্ছনা, অপমান, تیزرو দ্রুতগামী। پرخوف ভয়ঙ্কর, دزداں দস্যুদল, دزد এর বহুঃ رهبرے কোন পথ প্রদর্শক, بر লইয়া যাও م ماندن، نهی، مماں থাকিওনা, گراں، م بردن، امر ভারী, باران - বৃষ্টি।

বঙ্গানুবাদ ঃ (১) যে তাহার বন্দেগীতে উদাসীন হয়, তাহার গোমরাহী ও লাঞ্ছনা অর্জন হয়।

(২) ইবাদতের সময় ঝঞ্ঝা-বায়ুর ন্যায় দ্রুতগামী হও, এবং পার্থিব সকল ঝামেলা মুক্ত হও।

(৩) রাস্তা অতি ভয়ঙ্কর, দস্যুদল সুযোগে (ওঁত পাতিয়া) রহিয়াছে- তুমি কোন একজন পথ প্রদর্শক (মুর্শিদ) লইয়া যাও যাহাতে মাটিতে পড়িয়া না থাক।

(৪) তোমার গন্তব্যস্থল অতিদূর তোমার বোঝা অনেক ভারী, অত্যন্ত চেষ্টা কর অন্যদের পিছনে থাকিও না।

(৫) যে ব্যক্তি রাস্তায় ভারী বোঝা বিশিষ্ট হয়, সব সময় তাহার চক্ষু হইতে বৃষ্টির ন্যায় (অশ্রু ঝরিতে) থাকে।

টীকা ঃ (১) অর্থাৎ আল্লাহর সন্তুষ্টি ও অসন্তুষ্টি চিনিবার বিষয়টি অতি সূক্ষ্ম অপরদিকে নফস ও শয়তান সদা মানুষ কে গোমরাহ করার এবং কৃত আমলের সওয়াব কাড়িয়া লইবার জন্য দস্যুদলের ন্যায় সুযোগ সন্ধানে রহিয়াছে। অতএব এক ব্যক্তি উক্ত রাস্তা পাড়ি দেওয়া দুষ্কর। অতএব খাটি রাহবর ও মুর্শিদ ধর।

Free @ www.e-iqra.com

لاشۂ داری سبک کن بارِ خویش | ورنہ در رہ سخت بینی کارِ خویش
چیست بارت؟ جیفۂ دنیائے دوں | کز پئے آں گشتۂ خوار و زبوں

در بیانِ ترکِ خود رائی و خود ستائی

سر چہ آرائی بدستارائے پسر | تا توانی دل بدست آرائے پسر
تا نگیری ترکِ عز و مال و جاہ | از ہمہ بر سر نیائی چوں کلاہ
نیست مردی خویش را آراستن | قصد جاں کرد آنکہ او آراست تن

ترجمہ اردو :(۱) تو بے زور لاش رکھتا ہے اپنا بوجھ ہلکا کر- ورنہ راستے میں اپنا کام دشوار دیکھیگا
(۲) تیرا لاش کیا ہے؟ کمینہ دنیا کی لاش ہے-جسکے پیچھے تو ذلیل وخوار ہوگیا ہے-
(۳) اے لڑکا! سر کو کیوں سجاتا ہے تو پگڑی سے؟ جہانتک سکے تو دل کو ہاتھ میں لا
(٤) جبتک نہ اختیار کرے تو عزت اور مال ومرتبہ (کی خواہش) ترک کرنے کو- سب کے سر پر نہیں آئیگا تو ٹوپی کیطرح
(٥) مردانگی نہیں ہے اپنے کو سجانا- جان کا ارادہ کیا وہ جو بدن کو سجایا۔

শব্দার্থ- তাহকীক ঃ لاشہ শক্তিহীন একধড়, سبک ، ینائے تحقیری হালকা, جیفہ মরা জন্তু, دوں নিকৃষ্ট, خوار লাঞ্ছিত زبوں অপমানিত, (بیائے- خود آرائی আত্মসজ্জা, خود ستائی আত্মপ্রশংসা, উভয়টি امری-এর পরেযুক্ত হওয়ায় মাসদারের অর্থে হইয়াছে। بدستار পাগড়ী দ্বারা م آراستن ، امر ، واحد حاضر- آرائ সজ্জিত করা। برسر نیائی মাথার উপর আসিবে না। শ্রদ্ধার পাত্র হইবে না।

বঙ্গানুবাদ ঃ (১) তুমি শক্তিহীন দেহ ধারী, (সুতরাং) নিজ বোঝা হালকা কর, নতুবা তুমি পথিমধ্যে তোমার কাজ কঠিন দেখিবে।

(২) (তুমি জান কি?) তোমার বোঝা কি? নিকৃষ্ট দুনিয়ার লাশ, যে উক্ত লাশের পিছনে পড়িয়াছে সে লাঞ্ছিত ও হেয় প্রতিপন্ন হইয়াছে। ১.

(৩) হে বৎস! পাগড়ী দ্বারা মাথা সজ্জিত করিতেছ কেন? যথা সম্ভব তুমি অন্তরকে হাতের মধ্যে আন (বাধ্যগত কর)।

(৪) যতক্ষণ পর্যন্ত তুমি সম্মান, সম্পদ ও মর্যাদা বর্জনকে অবলম্বন না করিবে- টুপীর ন্যায় সকলের মাথার উপর উঠিতে পারিবেনা, (সম্মানিত হইতে পারিবেনা)

(৫) নিজেকে সজ্জিত করা পুরুষত্ব নয়। সে নিজেকে ধ্বংস করিয়াছে যে দেহ সজ্জিত করিয়াছে।

টীকা ঃ (১) হাদীসে নবী করীম (সাঃ) দুনিয়া কে মরা গাধার সহিত তুলনা করিয়াছেন আর মরা গাধার পিছনে তো কুকুরের দৌড়ানই শোভা পায়।

نیست بر تن بہتر از تقوی لباس | در تکلف مرد را نبود اساس
ہر کہ او در بستر آرائش بود | در جہاں فرزند آسائش بود
عاقبت جز نامرادی نبودش | بہرہ از عیش و شادی نبودش
خود ستائی پیشۂ شیطاں بود | ہر کہ خود را کم زند مرد آں بود
لعنت شیطاں من ز آدم بہترم | تا قیامت گشت ملعون لاجرم
از تواضع خاک مردم می شود | نور نار از سرکشی گم می شود

ترجمہ اردو : (۱) بدن میں تقوی سے بہتر کوئی لباس نہیں ہے- تکلف میں کامل مرد کا بنیاد نہیں ہے-
(۲) جو کوئی آرام کی فکر میں ہوئے- دنیا میں وہ آرام کا لڑکا (غلام) ہوئے
(۳) اسکا آخر انجام محرومی کے سوا نہ ہوگا- اسکا حقیقی آرام اور خوشی کا حصہ نہ ہوگا-
(٤) اپنی تعریف آپ کرنا شیطان کا پیشہ ہے-جوکوئی اپنے کوکم جانے وہ کامل مرد ہے
(٥) شیطان نے کہاکہ میں آدم سے بہترہوں -اس سبب سے وہ قیامت تك لعنت یافتہ ہوا
(٦) تواضع سے مٹی آدمی بنتی ہے - آگ کی روشنی تکبر سے گم ہوجاتی ہے-

শব্দার্থ-তাহকীক ঃ *تکلف* লৌকিকতা, লোক দেখান *کم زنو* নগন্য মনে করে, *ملعون* অভিশপ্ত, *سرکشی* অহংকর, *رانده* বিতাড়িত, *از مستکبری* অহংকারী হওয়ার কারণে, *مقبل* সৌভাগ্যবান, *مستغفری* ক্ষমা প্রার্থী হওয়া।

বঙ্গানুবাদ ঃ (১) দেহের জন্য তাক্বওয়া-পরহেযগারীর ন্যায় উত্তম কোন পোশাক নাই। প্রকৃত আল্লাহ ওয়ালা বান্দার লৌকিকতার উপর বুনিয়াদ থাকেনা। (বরং লৌকিকতা বর্জনের উপরই তাহার বুনিয়াদ থাকে।)

(২) যে ব্যক্তি ভোগ বিলাসে মত্ত থাকে- দুনিয়াতে সে ভোগ-বিলাসের দাস।

(৩) তাহার পরিণাম বঞ্চিত হওয়া ছাড়া নয়। পারলৌকিক ভোগ-বিলাস ও সুখে তাহার কোন অংশ নাই।

(৪) আত্ম প্রশংসা শয়তানের কাজ, যে নিজেকে নগন্য জানে সেই প্রকৃত মানুষ।

(৫) শয়তান বলিল, আমি আদম হইতে শ্রেষ্ঠ (অহমিকার) ফলে সে কিয়ামত পর্যন্ত নিশ্চিত অভিশপ্ত হইয়াছে।

(৬) বিনয়ের দ্বারা মাটি মানুষ হয়- আগুনের জ্যোতি অহংকারের কারণে হারাইয়া যায়। ১.

টীকা ঃ (১) অর্থাৎ শুধু মাটির তৈরী শরীরের নাম মানুষ নয়, বরং যাহার মধ্যে বিনয় ও নম্রতা আছে সেই প্রকৃত মানুষ। আগুনের জ্যোতি অতিমূল্যবান অথচ অহংকারের দরুন উপরের দিকে উঠার কারণে উহা নিশ্চিন্ন ও বিলীন হইয়া যায়।

Free @ www.e-iqra.wordpress.com

راندہ شد ابلیس از مستکبری | گشت مقبل آدمؑ از مستغفری
شد عزیز آدمؑ چو استغفار کرد | خوار شد شیطاں چو استکبار کرد
دانہ پست اُفتد ز بر دستش کنند | خوشہ چوں بر سر کشد پستش کنند

در بیانِ آثارِ ابلہاں

چار چیز آمد نشانِ ابلہی | با تو گویم تا بیابی آگہی
عیبِ خود را بد نہ بیند در جہاں | باشد اندر چشمِ عیبِ کساں

ترجمہ اردو : (۱) مردود ہوا ابلیس تکبری کی سبب سے- آدم خوش نصیب ہوئے استغفار کی سبب سے-

(۲) آدم پیارا ہوا جب وہ استغفار کیا- ذلیل ہوا شیطان جب وہ تکبر کیا-

(۳) دانہ نیچے رہنے سے اللہ اسکو بلند کرتے ہیں -(اناج کا) خوشہ چونکہ سراوپر کھیچتا ہے اسلئے اللہ اسکو پست کرتاہے-

(٤) چار چیز بیوقوفی کے نشانیاں ہیں- تجھ سے کہتاہوں تاکہ توآگاہی حاصل کرے

(٥) دنیا میں وہ اپنی عیب کو برانہیں جانتاہے- دوسرے لوگوں کی عیب جوئی میں ہوتاہے-

শব্দার্থ- তাহকীক ঃ استکبار অহংকার, پست افتد নীচে পতিত হইল (মাটির তলে যাওয়া উদ্দেশ্য), خوشہ ছিলকা, ছাল, আবরণ। اثر- آثار এর বহুঃ চিহ্ন, ক্রিয়া, প্রভাব, ابلہاں - ابلہ এর বহুঃ নির্বোধ, বোকা, بیابی তুমি পাইবে লাভ করিবে, باء زائدہ م یافتن - مضارع - واحد حاضر -

বঙ্গানুবাদ ঃ (১) ইবলীস অহংকারী হইবার কারণে বিতাড়িত হইয়াছে। (আর) আদম (আঃ) ক্ষমা প্রার্থী হইবার কারণে সৌভাগ্য শালী হইয়াছে।

(২) আদম (আঃ) যখন এস্তেগফার (ক্ষমা প্রার্থনা) করিয়াছেন তখন প্রিয় হইয়াছেন। (আর) ইবলীস যখন অহংকার করিয়াছে তখন লাঞ্ছিত হইয়াছে।

(৩) শস্য দানা মাটির তলে পতিত হয় বিধায় আল্লাহ তাহাকে উঁচু করেন। (আর শস্যের) খোশা (ছিলকা) যেহেতু মাথা উঁচু করে (উড়িয়া যায়) ফলে আল্লাহ তাহাকে নীচু করিয়া দেন।

(৪) চারটি জিনিষ বোকামীর নিদর্শন। তোমার সহিত বলিতেছি যাহাতে তুমি অবগতি লাভ করিতে পার।

(৫) দুনিয়াতে সে নিজের দোষ কে অন্যায় দেখেনা, অথচ অন্যদের দোষ অন্বেষণে থাকে।

Free @ www.e-iqra.com

تخم بخل اندر دلِ خود کاشتن | امید سخاوت داشتن
هر که خلق از خُلقِ او خوشنود نیست | هیچ قدرش بر درِ معبود نیست
هر که او را پیشه بدخوئی بود | کارِ او پیوسته بدروئی بود
خوئے بد در تن بلائے جان بود | مردم بدخو نه از انسان بود
بخل شاخے از درخت دوزخ است | وان بخیلک از سگانِ مسلخ است

ترجمہ اردو: (۱) اپنے دل میں بخیلی کا بیج بونا- اور اسوقت سخاوت کا امید رکھنا
(۲) جس شخص کے خصلت سے لوگ خوش نہیں ہے- معبود کے دربار میں اسکا کوئی قدر نہیں ہے-
(۳) جس کا پیشہ بد خصلتی ہوتا ہے- اسکا کام ہمیشہ رسوائی ہوتاہے-
(٤) بری خصلت بدن میں جان کی بلا ہوتی ہے- بدخصلت آدمی انسان سے نہیں ہوتا
(٥) بخیلی دوزخ کی درخت کاایک شاخ ہے-اور وہ بخیل مذبح کی کتوں میں سے ہے -

শব্দার্থ-তাহকীক ঃ تخم বীজ, بخل কৃপণতা, کاشتن বপন করা, خلق মাখলূক, خلق চরিত্র, خوشنود সন্তুষ্ট, قدرش তাহার মর্যাদা, بدخوئی কুচরিত্র, بدروئی কু চেহারা বিশিষ্ট হওয়া, লাঞ্ছিত হওয়া। خوئے দুশ্চরিত্র, شاخے একটি ডাল, بخیلک নরাধম, কৃপণ, سگ এর বহুঃ কুকুর, مسلخ কসাইখানা। سگان - کاف تحقیری

বঙ্গানুবাদ ঃ (১) নিজ অন্তরে কৃপণতার বীজ বপন করা, অতঃপর (অন্যের থেকে) অনুগ্রহের আশা রাখা।

(২) যাহার চরিত্রে মাখলূক (তাহার উপর) সন্তুষ্ট নয়, আল্লাহর দরবারে তাহার কোনই মর্যাদা নাই।

(৩) কুচরিত্র যাহার পেশা– তাহার কাজ লাঞ্ছনা মিশ্রিত হয়।

(৪) দুঃশ্চরিত্রটি শরীরের মধ্যস্থ অন্তরের একটি রোগ, দুঃশ্চরিত্রবান লোক মানুষের অন্তর্ভূক্ত নয়।

(৫) কৃপণতা দোযখের গাছের একটি ডাল, নরাধম কৃপণ কসাইখানার কুকুরের ন্যায়। ১.

টীকা ঃ (১) কৃপণতা দোযখের গাছের ডাল। অর্থাৎ ইহা তাহাদের একটি বৈশিষ্ট ও দোষ। আর কসাই খানার কুকুর যেরূপ গোশতের স্তুপে বসিয়া থাকে উহা ভক্ষণ করিতে পারেনা। তদরূপ কৃপণ লোক ও মাল সম্পদের মালিক হয়। কিন্তু উহা ভোগ করিতে পারেনা।

Free © www.ilm.weebly.com

روئے جنّت را کجا بیند بخیل | پیشۂ اُفتادہ زیر پائے پیل
باش از بخلِ بخیلاں برکراں | تا نباشی از شمارِ ابلہاں

در بیانِ عافیت

از بلا تا رستہ گردی اے عزیز | باز باید داشتن دست از دو چیز
رَو تو دست از نفس و دنیا باز دار | تا بلا ہا را نباشد با تو کار
گر بحرص و آز گردی مبتلا | با تو رُو آرد ز ہر سو صد بلا

ترجمہ اردو : (۱) بخیل جنت کا چہرہ کب دیکھیگا- (گویا) وہ ہاتھی پاوں کے نیچے گرا ہوا ایک مچھر ہے

(۲) بخیلوں کی بخیلی سے دور ہو- تاکہ تو بے وقوفوں میں شمار نہوے

(۳) اے پیارا تاکہ تو بلاسے رہا ہوے-پھیر رکھنا چاہئے ہاتھ کو دوچیزوں سے ۔

(٤) جا ہاتھ کو نفس اور دنیا سے پھیر رکھ- تاکہ مصیبتوں کا تجھ سے کوئی کام نہوے

(٥) اگر حرص اور طمع میں مبتلا ہوے تو- تیری طرف چہرے لائیگی ہر طرف سے سو مصیبتیں

শব্দার্থ- তাহকীক ঃ پیل হাতি, برکراں কিনারায়, দূরে, عافیت সুখ-শান্তি, নিরাপত্তা, رستہ گردی মুক্ত হইবে, بازدار বিরত রাখ, حرص লোভ, آز লালসা, مبتلا লিপ্ত, زہر سو সর্বাদিক হইতে।

বঙ্গানুবাদ ঃ (১) কৃপণ মানুষ বেহেশতের মুখ দেখিবে কি রূপে? (বরং) সে হাতির পায়ের নীচে পতিত মাছি (তুল্য) হইবে। ১.

(২) কৃপণদের কৃপণতা হইতে দূরে থাক, যাহাতে তুমি নির্বোধের মধ্যে গণ্য না হও।

(৩) হে প্রিয়! যদি তুমি বিপদমুক্ত হইতে চাও - নিজ হাত কে দুইটি জিনিষ হইতে বিরত রাখিবে।

(৪) যাও! তুমি স্বীয় হাত কে নফস ও দুনিয়া হইতে বিরত রাখ, তবে তোমার সহিত বিপদ আপদের কোন সম্পর্ক থাকিবে না।

(৫) যদি তুমি লোভ-লালসায় লিপ্ত হও- সর্বদিক হইতে শত বিপদ তোমার দিকে মুখ করিবে।

টীকা ঃ (১) অর্থাৎ কৃপণ লোক বেহেশতে প্রবেশ করিবে না। বরং দোযখের কঠোর সাজায় পিষিয়া যাইবে যে রূপ হাতির পায়ের নীচে পতিত মশা পিষিয়া যায়।

Free @ www.e-iqra.com

Free @ www.e-iqra.weebly.com

آنکہ نبود ہیچ نقدش درمیاں | ہر کجا باشد بود اندر اماں
نفس و دنیا را رہا کن اے پسر | تا رہی از ہر بلاؤ ہر خطر
اے بسا کس کز برائے نفسِ زار | در بلا افتاد و گشت از غم نزار
از برائے نفس مرغِ نامراد | آمد و در دامِ صیّاد اوفتاد
تا دلت آرام یابد اے پسر | بود و نابودِ جہاں یکسر شمر

ترجمہ اردو : (۱) وہ شخص جسکے تھیلی میں کوئی روپیہ پیسہ نہوے- جہاں کہیں رہیگا وہ امان میں ہوگا

(۲) اے لڑکا! نفس اور دنیا کو چھوڑ- تاکہ تو ہر مصیبت اور خطرے سے خلاصی پائیگا

(۳) ائے لڑکا! بہت شخص نفس کی سبب سے ذلیل وخوارہوئے- مصیبت میں گرے اور پریشانی سے کمزور ہوئے -

(٤) نفس کی سبب سے محروم پرندہ - آیا اور شکارکے جال میں پھنسا

(٥) اے لڑکا! تیرے دل آرام پانیکے لئے - دنیا ہونے نہ ہونے کو برابر جان

শব্দার্থ- তাহকীক ঃ میاں থলি, টাকার তোড়া, اماں নিরাপত্তা, رہاکن ছাড়িয়া দাও, বর্জন কর, رہی মুক্তি পাইবে, رہیدن- مضارع , واحد حاضر -م رستن - بسا کسم বহুমানুষ, زار کز লাঞ্ছিত, نزار দূর্বল نامراد ব্যার্থ, বঞ্চিত, دام জাল, ফাঁদ, ।

বঙ্গানুবাদ ঃ (১) যে ব্যক্তির থলিতে কোন টাকা পয়সা থাকে না, সে যেখানেই থাকুক সে নিরাপদ থাকিবে।

(২) হে বৎস! নফস ও দুনিয়া কে বর্জন কর- তবে সকল বিপদ ও আশংকা হইতে মুক্তি পাইবে।

(৩) হে বৎস! বহু মানুষ নফসের কারণে লাঞ্ছিত ও অপমাণিত। বিপদে পড়িয়াছে ও চিন্তায় দূর্বল হইয়া গিয়াছে।

(৪) নফসের কারণেই বঞ্চিত পাখী আসিল ও শিকারীর ফাঁদে পড়িল।

(৫) হে বৎস! তোমার হৃদয় যাহাতে শান্তি লাভ করে তুমি দুনিয়ায় সম্পদ থাকা না থাকাকে একই রকম মনে কর। (অর্থাৎ সম্পদের জন্য অস্থিরতাও পেরেশানী ছাড়িয়া দাও, তবেই তোমার মন শান্তি লাভ করিবে।

از عذابِ قهرِ حق ایمن مباش | در پئے آزارِ ہر مومن مباش
در بلا یاری مخواہ از ہیچ کس | زانکہ بنود جز خدا فریادرس
ہر کرا رنجاندۂ عذرش بخواہ | تا نبا شد خصم تو در عرصہ گاہ
گر غنا خواہد کسے از ذوالمنن | در قناعت می تواں شش یافتن

ترجمہ اردو : (۱) اللہ کے عذاب وغضب سے بے ڈر مت ہو- ہرمومن کو ستانے کی پیچھے مت ہو

(۲) مصیبت میں کسی شخص سے مدد مت مانگ- اسلئے کہ اللہ کے سوا کوئی فریاد پورا کرنے والا نہیں۔

(۳) جسکو تونے ستایا اسکے پاس عذر خواہی کر (معافی مانگا تاکہ وہ قیامت میں تیرا مخالف (خصم) نہ بنجائے

(٤) اگر کوئی احسان والا اللہ سے توانگری طلب کرے- تو وہ قناعت میں پائی جاتی ہے-

শব্দার্থ- তাহকীক ঃ قهر গজব, ক্রোধ, زار কষ্ট, یاری সহায়তা, সাহায্য, ماضی - واحد حاضر فریادرس প্রার্থনা পূরণকারী। رنجانده তুমি কষ্ট দিয়াছ, عذرش بخواه - مصدر متعدی رنجاندن، قریب- তাহার নিকট অক্ষমতা, পেশ কর, خصم বাদী, عرصه گاه সুযোগ মুহূর্ত, কিয়ামত উদ্দেশ্য, اسم ظرف ، واحد - غنا ধনাঢ্যতা, ذوا المنن অনুগ্রহশীল।

বঙ্গানুবাদ ঃ (১) আল্লাহর আযাব ও গজব হইতে ভীতিহীন হইওনা। কোন মুমিনের কষ্টের পিছনে থাকিও না।

(২) বিপদে কোন মানুষের নিকট সাহায্য কামনা করিও না, কেননা আল্লাহ ছাড়া কোন ফরিয়াদ পূরণকারী নাই।

(৩) তুমি যাহাকে কষ্ট দিয়াছ তাহার নিকট ক্ষমা প্রার্থনা কর, যাহাতে সে বিচার দিবসে তোমার বাদী না হয়।

(৪) যদি কেউ আল্লাহর নিকট ধনাঢ্যতা চায়- উহা অল্পেতুষ্টির মধ্যেই পাওয়া যায়। ১.

টীকা ঃ (১) الغنى غنا النفس "মনের ধনাঢ্যতাই প্রকৃত ধনাঢ্যতা। যাহার অন্তর পেরেশানমুক্ত সেই সুখী, অর্থ-সম্পদ কম থাকুক বা বেশী।

Free@ www.eelibrary.com

در بیانِ عقلِ عاقلان

ہر کرا عقل ست و دانش ای عزیز | دور باید بودنش از چار چیز
کارِ خود با ناسزا نکند رہا | مردمی نکند بجائے ناسزا
عقل داری میلِ بدکاری مکن | زیں چو بگذشتی سبکساری مکن
ہر کرا از حلم دل روشن بود | در زمانہ با صلاحِ تن بود
تا شوی پیش از ہمہ از روزگار | دست بر نان و نمک بکشادہ دار

ترجمہ :(۱) اے پیارے جسکو عقل اور دانائی ہے- اسکو چار چیزسے دور رہنا چاہئے
(۲) اپنا کام نالائق پر نہ چھوڑے -اور مروت کی برتاؤ نہ کرے نالائق کی جگہ میں
(۳) اگر تو عقل رکھتاہے بدکاری کیطرف رغبت نہ کر- جب تو اس سے گذر گیا ہلکا پنی مت کر-
(٤) جس شخص کا دل بردباری سے روشن ہوے- وہ زمانہ میں بدن کی درستگی والا ہوے -
(٥) تاکہ تو زمانہ میں تمام لوگوں کے سامنے (پیشوا) ہوے- نان ونمک پر ہاتھ کھلا رکھ-

শব্দার্থ- তাহকীক ঃ *عقل* জ্ঞান, বুদ্ধি, *دانش* বিবেক-বুদ্ধি, *ناسزا* অনুপযুক্ত *مردمی* মনুষত্ব, মানবতা, *میل* আকর্ষণ, *زیں* ইহা হইতে, *بگذشتی* অতিক্রম করিয়া যাও, *سبکساری* পাতলামী, গাম্ভীর্যহীনতা, *کشادہ* প্রশস্ত, উন্মুক্ত।

বঙ্গানুবাদ ঃ (১) হে প্রিয়! যাহার জ্ঞান-বুদ্ধি আছে, তাহার চারটি বস্তু হইতে দূরে থাকা উচিৎ।

(২) নিজ কোন কাজ অযোগ্য ব্যক্তির নিকট অর্পণ করিবে না। অনুপযুক্ত স্থানে মানবতা (প্রকাশ) করিবেনা। (কেননা ইহাতে অন্যায়ের প্রতি নির্ভীকতা বাড়িয়া যাইবে।)

(৩) যদি তুমি জ্ঞান রাখ অন্যায় কাজের প্রতি আগ্রহ করিও না। যখন তুমি উহা হইতে অতিক্রম করিয়া যাও ছেলেমীপনা (কাজ) করিওনা।

(৪) যাহার অন্তর সহনশীলতার দ্বারা আলোকিত-যামানার মধ্যে সে শারেরীক (বাহ্যিক) সংশোধনী বিশিষ্ট হয়। (ভিতরের গুণের সাথে বাহ্যিক আমলও দূরস্ত হইয়া যায়।)

(৫) স্বীয় যুগে সকলের আগে বাড়িয়া যাইতে হইলে তুমি রুটি নিমকের (দান দক্ষিণ্যের) উপর হাত প্রশস্ত রাখ। ১.

টীকা ঃ (১) অর্থাৎ তুমি সকলের উপর শির্ষ স্থানীয় ও মর্যাদান্বিত হইতে চাহিলে কৃপণতা ছাড়িয়া সকলের জন্য দান খয়রাত ও সাহায্যের হাত খুলিয়া দাও। তাহলে মানুষ তোমাকে শ্রদ্ধা করিবে এবং তোমাকে মান্য করিবে।

Free @ www.eelm.weebly.com

تا تو باشی در زمانہ دادگر | زیردستاں را نکو دارا ے پسر
ہر کہ بر پندِ خود آمد استوار | پندِ او را دیگراں بندند کار
ہر کہ از گفتارِ خود باشد ملول | قولِ او را دیگرے نکند قبول
ہر چہ باشد در شریعت ناپسند | دور باش از وے چو ہستی ہوشمند
تا صوابِ کار بینی سر بسر | بر مرادِ خود مکن کار ا ے پسر

ترجمہ اردو : (۱) تاکہ تو زمانہ میں انصاف کرنے والا ہووے- عاجزوں کو اچھا رکھ تو اے لڑکا-

(۲) جوشخص اپنی نصیحت پرمضبوط رہتاہے-دوسرے لوگ اسکوعمل میں لاتے ہیں

(۳) جوشخص خود اپنی بات سے اکتاجاتا ہے - اسکی بات کودوسرے لوگ قبول نہیں کرتے ہیں -

(٤) شریعت میں جو چیز ناپسند ہے- اس سے تو دور ہو جبکہ تو عقلمند ہے -

(٥) تاکہ تو تمام کام کو درست دیکھے- اپنی خواہش سے کام مت کر اے لڑکا-

শব্দার্থ- তাহকীক ঃ *دادگر* ইনসাফকারী, ন্যায় পরায়ণ, *اسم فاعل سماعی* - *زیر دستاں (داد + گر)* অধিনস্ত, অসহায়, দূর্বল, *استوار* মজবুত, অটল, *بندندکار* কাজ বাঁধে, উপকারে আসে, *صواب کاری* কাজের সঠিকতা, *سربسر* সম্পূর্ণ।

বঙ্গানুবাদ ঃ (১) যদি তুমি সমকালে ন্যায় পরায়ণ হইতে চাও- হে বৎস! দূর্বল অসহায়দের ভাল রাখ। (সৎ ব্যবহার কর)।

(২) যে ব্যক্তি নিজ উপদেশের উপর অটল থাকে (নিজে তদানুযায়ী আমল করে) তাহার উপদেশ অন্যদের কাজে আসে। ১.

(৩) যে নিজেই নিজ কথার দ্বারা বিরক্ত হয়, অন্যরা তাহার কথা কবুল করেনা।২.

(৪) শরীআতে যাহা অপছন্দনীয়, যদি তুমি বিবেকবান হও- উহা হইতে দূরে থাক।

(৫) যাহাতে তুমি তোমার কাজ সম্পূর্ণ সঠিক দেখতে পাও- হে বৎস! নিজ ইচ্ছা অনুযায়ী কাজ করিও না।

টীকা ঃ (১) অর্থাৎ নিজে আমল করিলে তাহার নছীহত অন্যদের ভিতর আছর করে। ফলে তাহারা ও আমল কারী হয়। ইহার বিপরীত যে নিজেই নিজ নছীহত মোতাবেক আমল করেনা, তাহার নছীহতের দ্বারা অন্যদের মধ্যে কোন আছর স্থায়ী হয়না।

(২) অর্থাৎ নিজের কথা নিজের কাছেই যদি ভাল না লাগে অন্যদের কাছেও উহা ভাল লাগেনা, ফলে তাহারা উহার উপর আমল ও করেনা।

Free@www.e-iqra.blogspot.com

در بیان رستگاری

بہت بیشک رستگاری در سہ چیز	با تو گویم یاد گیرش اے عزیز
زاں یکے ترسیدن ست از ذو الجلال	دوم آمد جستنِ قوتِ حلال
سوم رفتن بود بر راہِ راست	رستگار است آنکہ این خصلت وراست
گر تواضع پیش گیری اے جواں	دوست دارندت ہمہ خلقِ جہاں
سر مکن در پیش دنیا دار پست	ورکنی بیشک رود دینت ز دست

ترجمہ اردو : (۱) بے شک خلاصی تین چیز میں ہے- اے عزیز! میں تجھ سے کہتا ہوں اسکو یاد رکھ

(۲) ان میں سے ایک ہے اللہ سے ڈرنا- دوسری ۔ حلال روزی کی تلاش آئی

(۳) تیسری سیدھی راستہ پر چلنا- وہ خلاص یافتہ ہے جسکو یہ خصلت ہو

(٤) اے جواں! اگر تواضع کو سامنے لے (اختیار کرے) تو تجھے دنیاکے تمام مخلوق دوست رکھیگا

(٥) دنیادارکے سامنے سرنیچامت کر-اوراگر کرے تویقیناتیرا دین ہاتھ سے چل جائیگا

শব্দার্থ- তাহকীক ঃ رستگاری খালাসী, মুক্তি, পরিত্রান, ذو الجلال মহিমান্বিত, সম্মানিত, আল্লাহ পাকের এক নাম, قوت খাদ্য, জীবিকা, حلال বৈধ, پیش گیری সামনে লও, অর্থাৎ অবলম্বন কর, دارندت তোমাকে রাখিবে, جمع غائب - مضارع م تائے مفعولی - داشتن، যুক্ত।

বঙ্গানুবাদ ঃ (১) নিঃসন্দেহে তিনটি জিনিষের মধ্যে মুক্তি রহিয়াছে- বন্ধু! তোমার সহিত বলিতেছি উহা স্মরণ রাখ।

(২) তন্মধ্য হইতে একটি- মহান আল্লাহকে ভয় করা, দ্বিতীয়- হালাল জীবিকা খোঁজ করা। কেননা ইবাদত কবুল হইবার জন্য হালাল খাওয়া শর্ত।

(৩) তৃতীয় হইল- সঠিক রাস্তায় চলা। সে নাজাত প্রাপ্ত যাহার মধ্যে এই গুণ থাকিবে।

(৪) হে যুবক! যদি তুমি বিনয় অবলম্বন কর জগতের সকল মাখলুক তোমাকে বন্ধু জানিবে। (কেননা যে নিজেকে বিনম্র করে ও ছোট দেখে অন্যেরা তাহাকে মহব্বত করে ও বড় জানে।)

(৫) দুনিয়াদার মানুষের সামনে মাথানত করিবেনা। যদি কর অবশ্যই দ্বীন তোমার হাতছাড়া হইয়া যাইবে।

Free @ www.pathagar.com

Free@ www.eilmweb.com

هر که او از حرص دنیا دار شد | بیگمان از وے خدا بیزار شد
بهر زر مستائے دنیا دار را | تا چه خواهی کردن این مردار را
مُردگانند اغنیائے روزگار | اے پسر با مُردگان صحبت مدار
مال و زر بیحد بدست آورده گیر | بعد ازاں در گور حسرت برده گیر

در بیانِ فضیلت ذکر

باش دائم اے پسر در یادِ حق | گر خبرداری ز عدل و دادِ حق

ترجمہ اردو : (۱) جسکو دنیا دار کی (دولت کی) حرص ہوئی- بے شك اللہ اس سے ناراض ہوا ۔
(۲) روپیہ پیسہ کیلئے دنیادار کی تعریف مت کر- تو اس مردہ کو (تعریف کرکے ؟) کیا کرنا چاہتاہے
(۳) زمانہ کے مالدار لوگ مردے ہیں- اے لڑکا! مردوں کے ساتھ تعلق مت رکھ-
(٤) بے شمار مال ودولت تیرے ہاتھ میں آئیگا (مان لے) - اسکے بعد قبر میں افسوس لیجانا ہوگا-
(٥) اے لڑکا! ہمیشہ اللہ کی یادمیں ہو- اگر تو اللہ کے عدل وانصاف سے خبر رکھتاہو ۔

শব্দার্থ- তাহকীক ঃ حرص লিপ্সা, লালসা, بیزار অসন্তুষ্টি, بهرزر স্বর্ণের জন্যে, টাকা পয়সার জন্যে, مستا প্রশংসা করিওনা, واحد حاضر ، نهی ، م ستدن، مردار- মরা লাশ, غنی ، اغنیاء এর বহুঃ, ধনী, روزگار যামানা, কাল, مرده - مردگاں এর বহুঃ; মৃত حسرت - م مردن اسم مفعول، جمع আফসোস, পরিতাপ, برده گیر লইয়া যাইবে। ذکر স্মরণ, داد حق আল্লাহর করুনণ, ইনসাফ।

বঙ্গানুবাদ ঃ (১) যে ব্যক্তির দুনিয়াদারের (অর্থের) প্রতি লিপ্সা থাকে, নিঃসন্দেহে আল্লাহ তাহার প্রতি অসন্তুষ্ট।

(২) অর্থের লোভে দুনিয়াদার মানুষের প্রশংসা করিওনা, তুমি (প্রশংসা দ্বারা) উহাকে কি করিতে চাও (কারণ উহাতো ক্ষনস্থায়ী)?

(৩) সর্বযুগের ধনীরা মুর্দা তুল্য। বৎস! তুমি মুর্দাদের সহিত সংস্পর্শ রাখিও না।

(৪) ধরিয়া লও- সীমাহীন অর্থ- সম্পদ তোমার হাতে আসিবে। (কিন্তু) উহার পরে কবরে আফসোস লইয়া যাইতে হইবে। (কেননা পরিশেষে সব রাখিয়া খালি হাতে কবরে যাইতে হইবে।)

(৫) হে বৎস! সর্বদা আল্লাহর যিকিরে মগ্ন থাক, যদি তুমি আল্লাহর ইনসাফ ও অনুগ্রহ সম্পর্কে খবর রাখ।

زندہ دار از ذکر صبح و شام را | در تغافل مگذران ایّام را
یاد حق آمد غذا ایں روح را | مرہم آمد ایں دلِ مجروح را
یاد حق گر مونسِ جانت بود | کے ہوائے کاخ و ایوانت بود
در زمانے غافل از رحماں شوی | اندراں دم ہمدمِ شیطاں شوی
مومنا ذکرِ خدا بسیار گوی | تا بیابی درد و عالم آبروی

ترجمہ اردو : (۱) زندہ رکھ تو ذکر سے صبح وشام کو- غفلت میں مت چھوڑ ان دنوں کو
(۲) اللہ کی یاد اس روح کی غذا ہے- یہ زخم شدہ دل کی مرہم ہے
(۳) اللہ کے ذکر اگر تیری جان کی ساتھی ہوے- تو کب تجھکو بالاخانہ اور عمارت کی خواہش ہوے
(٤) اگر تو کسی وقت اللہ سے غافل ہوے- اسی وقت تو شیطان کا ساتھی ہوے-
(٥) آئے مؤمن! اللہ کا ذکر زیادہ کر-تاکہ تو دونوں جہاں میں عزت پاوے

শব্দার্থ- তাহকীক ঃ تغافل অলসতা, উদাসীনতা, مگذر ছাড়িও না, م- نهی ، مرہم - گذردن পট্টি, মলম, مونس সাথী, کاخ বালাখানা, ایوان অট্টালিকা, প্রাসাদ, ہمدم সহচর, সাথী مومنا হে মুমিন, الف টি আহবানের জন্যে آبرو সম্মান।

বঙ্গানুবাদ ঃ (১) যিকিরের দ্বারা সকাল-সন্ধ্যা কে যিন্দা (মুখরিত) রাখ।১০ সময়কে উদাসীনতায় কাটাইওনা।

(২) আল্লাহর স্মরণই হইল অত্র রূহের খোরাক। এই ক্ষত হৃদয়ের ইহাই মলম।

(৩) আল্লাহর যিকির যদি তোমার প্রাণের সাথী হয়-তাহা হইলে (কিরূপে) তোমার দালান অট্টালিকার আকাংখা থাকিতে পারে?

(৪) কোন মূহুর্তে যদি আল্লাহর যিকির হইতে উদাসীন হও- তখনই তুমি শয়তানের সাথী হইবে।

(৫) হে মুমিন বেশী পরিমাণ আল্লাহর যিকির কর- তাহলে উভয় জগতে তুমি সম্মান পাইবে।

টীকা ঃ (১) মুমিনের অন্তরে সর্বদা আল্লাহর স্মরণ থাকা জরুরী। তবেই সে গোনাহ থেকে বিরত থাকিতে পারিবে। উল্লেখ্য যে, যিকির বিশেষ কোন শব্দের সহিত খাছ নয়। বরং সকল ইবাদত ও মাছনূন দোয়া যিকিরে শামিল।

কুরআন শরীফে বিশেষভাবে সকাল সন্ধায় যিকির ও তাছবীহ আদায়ের কথা আসিয়াছে, কারণ ঐ দুই সময় আমলনামা লেখক ফেরেশতাদের আগমন ও প্রস্থান ঘটে। এই জন্য তাহারা তাহাদের ডিউটির শুরুতে ও শেষে বান্দাকে উত্তম কাজে দেখিতে পাইলে ইহা তাহাদের এবং যাহা আল্লাহ তাআলার সন্তুষ্টির কারণ হয়।

Free © www.eelm.weebly.com

ذکر را اخلاص می باید نخست | ذکر بے اخلاص کے باشد درست
ذکر بر سنّہ وجہ باشد بے خلاف | تو ندانی ایں سخن را از گزاف
عام را نبود بجز ذکر زباں | ذکر خاصاں باشد از دل بیگماں
ذکر خاص الخاص ذکر سر بود | ہر کہ ذاکر نیست او خاسر بود
ذکر بے تعظیم گفتن بدعت است | واندراں یک شرط دیگر حرمت است

ترجمہ اردو : (۱) ذکر کیلئے پہلے اخلاص چاہئے- ذکر بغیر اخلاص کے کب درست ہوے

(۲) بے شک ذکر تین قسمیں ہیں- تو اس بات کو بیہودہ نہ جانے

(۳) عام لوگوں کو زبانی ذکر کے علاوہ نہیں ہے- خاص لوگوں کا ذکر یقینا دل سے ہوتا ہے-

(٤) خاص الخاص لوگوں کا ذکر باطنی ہوتا ہے- جو ذکر کرنے والا نہیں وہ نقصان پذیر ہے-

(٥) بغیر تعظیم کے ذکر کرنا بدعت ہے ۔ اور اس میں دوسرا ایک شرط عظمت ہے ۔

শব্দার্থ- তাহকীক ঃ *نخست* প্রথমে, *گزاف* বেহুদা, *خاص الخاص* বিশেষগণের মধ্যে বিশিষ্ট, শীর্ষস্থানীয়, *سر* গোপন, বাতেনী, *خاسر* ক্ষতিগ্রস্থ *حرمت* ইয্যত, মর্যাদা।

বঙ্গানুবাদ ঃ (১) যিকিরের জন্যে প্রথমে এখলাস থাকা চায়। এখলাস বিহীন যিকির কি রূপে ঠিক হইতে পারে।

(২) সর্বমতে যিকির তিন প্রকার, তুমি এই কথাকে বেহুদা মনে করিওনা।

(৩) সাধারণ মানুষের যিকির হইল একমাত্র যবানী, নিঃসন্দেহে খাছ লোকদের যিকির হইল ক্বালবী।১.

(৪) খাছের মধ্যে যাহারা খাছ (সর্বোচ্চের অলীগণের) যিকির হইল বাতেনী, যে যাকের নয় সে ক্ষতিগ্রস্থ।

(৫) ভক্তি বিহীন যিকির করা বিদ'আত, যিকিরের আর একটি শর্ত হইল উহার ইয্যতের প্রতি লক্ষ রাখা।

টীকা ঃ (১) অর্থাৎ সাধারণ মানুষের যিকির নির্দিষ্ট সময়ে মুখে আল্লাহ আল্লাহ করা, তাহাদের অন্তরে আল্লাহর ধ্যান থাকেনা। আর খাছ বান্দাগণ সদা ক্বলবের দ্বারা আল্লাহর ধ্যানে মত্ত থাকে। আর তাঁহাদের চেয়ে যাহারা খাছ অর্থাৎ আল্লাহর অলীগণের যিকির শুধু যবান ও ক্বলবের সহিত খাছ নয়। বরং ছয় লতীফা এমন কি প্রত্যেক লোমকূপ হইতে তাঁহাদের যিকির জারি হয়। উহার নূর সবুজ বর্ণ বিশিষ্ট।

Free@ www.e-iqra.blogspot.com

هست مر هر عضورا ذکرے دگر | هفت اعضا هست ذاکر اے پسر
ذکر چشم از خوف حق بگریستن | باز در آیات او نگریستن
یاری هر عاجز آمد ذکر دست | ذکر پا خویشاں زیارت کردن ست
استماع قول رحمٰن ذکر گوش | تا توانی روز و شب در ذکر کوش
اشتیاق حق بود ذکر دلت | کوش تا ایں ذکر گردد حاصلت

ترجمہ اردو : (۱) ہر عضو کیلئے الگ الگ ذکر ہے ۔ اے لڑکا سات عضو ہے ذکر والے
(۲) آنکھ کا ذکر ہے اللہ کے خوف سے رونا۔ پھر اسکی نشانیوں (آیتوں) کیطرف دیکھنا
(۳) ہر عاجز کو مدد کرنا ہاتھ کا ذکر ہے ۔ پاوں کا ذکر ہے رشتہ دا روں سے ملاقت کرنا
(٤) اللہ کے کلام کو سننا کان کا ذکر ہے ۔ جہانتک سکے تو دن رات ذکر میں کو شش کر
(٥) اللہ کا شوق تیرے دل کے ذکر ہے ۔ کوشش کرتا کہ یہ ذکر تجھے حاصل ہوجائے ۔

শব্দার্থ– তাহকীক ঃ عضو অঙ্গ, ذکر دگر ভিন্ন ভিন্ন যিকির, وندراں মূলত اندر آں ছিল- هفت اعضاء সপ্ত অঙ্গ, بگر یستن ক্রন্দন করা ایات নিদর্শনা সমূহ, ইহা কুরআনের আয়াত ও হইতে পারে। یاری সাহায্য, خویشاں আত্মীয় স্বজন, زیارت সাক্ষাৎ, দর্শণ, اسماع শ্রবণ করা, کوش চেষ্টা কর, امر- اشتیاق আগ্রহ, ভক্তি।

বঙ্গানুবাদ ঃ (১) প্রত্যেক অঙ্গের ভিন্ন ভিন্ন যিকির আছে। হে বৎস! সপ্ত অঙ্গ আল্লাহর যিকির কারী। ১.

(২) চোখের যিকির হইল আল্লাহর ভয়ে কান্না-কাটি করা, এবং উহার আয়াত (নিদর্শন) সমূহের প্রতি দৃষ্টি করা।

(৩) প্রত্যেক অক্ষম-অসহায় ব্যক্তির সাহায্য করা হইল হাতের যিকির। পায়ের যিকির হইল আত্মীয়-স্বজনদের সহিত সাক্ষাত করা। ২.

(৪) করুণাময়ের (আল্লাহর) বাণী শ্রবণ করা হইল কানের যিকির- যথা সম্ভব দিবানিশি যিকিরের চেষ্টা কর।

(৫) আল্লাহ পাকের প্রতি ভক্তি ও মহব্বত হইল তোমার অন্তরের যিকির। চেষ্টা কর যাহাতে এই যিকির তোমার হাসিল হয়।

টীকা ঃ (১) সপ্তঅঙ্গ হইল চোখ, হাত, পা, কান, অন্তর, যবান ও মস্তিষ্ক। কিন্তু মস্তিষ্কের কথা কিতাবে উল্লেখ নাই। সম্ভবত কাতেবের কলম হইতে বেখেয়ালে ছুটিয়া গিয়াছে। মোট কথা প্রত্যেকটি অঙ্গের সদ্ব্যবহারের নামই হইল যিকির।

(২) আত্মীয় স্বজনের সহিত দেখা-সাক্ষাত করা ওয়াজিব। এই কারণে উহাকে বিশেষভাবে উল্লেখ করা হইয়াছে। নইলে পীর মাশায়েখ ও আল্লাহ তায়ালার বান্দাদের সহিত সাক্ষাত ও যিকিরে শামিল।

Free © www.e-iqra.webs.com

آنکہ از جہل ست دائم در گناہ | کے حلاوت یابد از ذکر الٰہ
خواندنِ قرآں بود ذکرِ لساں | ہر کرا ایں نیست ہست از مفلساں
شکرِ نعمتہائے حق می کن مدام | تا کند حق بر تو نعمتہا مدام
حمدِ خالق بر زباں دارائے پسر | عمر تا بر باد ندہی سر بسر
لبِ مجنباں جز بذکرِ کردگار | زانکہ پاکاں را ہمیں بود ست کار

ترجمہ :(۱) جو شخص نادانی سے ہمیشہ گناہ میں ہے-وہ کب مزہ پائیگا اللہ کے ذکر کا
(۲) قرآن پڑھنا زبان کا ذکر ہے- جسکو آیہ نہیں ہے وہ (آخرت میں) مسکینوں سے ہوگا۔
(۳) حق تعالی کی نعمتوں کا شکر ادا کر ہمیشہ- تاکہ حق تعالی تجھ پر نعمتوں کو پوری کریں۔
(٤) اے لڑکا! خدا کی تعریف زبان پر رکھ - تاکہ زندگی پورا برباد نہ کردیوے تو۔
(٥) ہونٹ مت ہلا ذکر اللہ کے علاوہ - کیونکہ نیک کاروں کا یہی کام ہوتا ہے-

শব্দার্থ- তাহকীক ঃ جہل অজ্ঞতা; বোকামী, حلاوت মিষ্টতা, স্বাদ, لساں মুখ, যবান, مفلساں - مفلس এর বহু ঃ দরিদ্র, অভাবী, مدام সর্বদা, مجنباں হেলাইও না, واحد حاضر - نہی متعدی - م جنباندن کردگار কর্ম বিধায়ক, আল্লাহ, پاکاں- پاک এর বহুঃ নেককার।

বঙ্গানুবাদ ঃ (১) যে ব্যক্তি অজ্ঞতার দরুন সর্বদা গোনাহে লিপ্ত থাকে। কবে সে আল্লাহর যিকিরের স্বাদ পাইবে? কেননা গোনাহের দ্বারা আমলের নূর অন্তর হইতে দূর হইয়া যায়। কোন ইবাদতে সে তৃপ্তি পায়না।

(২) কুরআন তেলাওয়াত হইল যবানের যিকর। যাহার এই যিকির নাই সে (পরকালে) ক্ষতি গ্রস্থদের মধ্য হইতে হইবে।

(৩) সর্বদা আল্লাহর নে'মতের শুকরিয়া আদায় কর। তাহলে আল্লাহ পাক তোমার উপর তাহার নে'মত পূর্ণ করিবেন। (কেননা শুকরের দ্বারা নে'মত বৃদ্ধি হয়।)

(৪) হে বৎস! স্রষ্টার প্রশংসা সদা যবানের উপর রাখ, যাহাতে তুমি তোমার মূল্যবান জীবন ধ্বংস করিয়া না দাও।

(৫) ঠোঁট হেলাইও না আল্লাহর যিকির ছাড়া- কেননা নেককার বান্দাদের ইহাই হইল কাজ। [১]

টীকা ঃ (১) কেননা নেককার বান্দাগণ জানেন যে, তাহাদের সকল কাজ কর্ম, কথাবার্তা আমল নামায় লেখা হইতেছে। কেয়ামতের ময়দানে সব কিছুর হিসাব হইবে। এই জন্যে তাঁহারা যবানকে বেহুদা কথাবার্তায় মগ্ন না করিয়া ঠোঁট কে আল্লাহর যিকির দ্বারা সিক্ত রাখে।

Free @ www.e-iqra.weebly.com

Free @ www.e-iqra.com

دربیانِ عملِ چار چیز

برہمہ کس نیک باشد چار چیز — با تو گویم یاد گیرش اے عزیز
اوّل آں باشد کہ باشی دادگر — ہم ز عقلِ خویش باشی با خبر
با شکیبائی تقرّب کردن ست — حرمتِ مردم بجا آوردن ست

دربیانِ خصلتِ ذمیمہ

چار چیز دیگر اے نیکو سرشت — ہست از جملہ خلائق بد زشت
زاں چہار اوّل حسد کینی بود — زاں گذشتے عُجب و خود بینی بود

ترجمہ اردو : (۱) تمام لوگوں کے پاس چار چیزیں اچھی ہیں- میں تجھ سے کہتا ہوں تو اسے یاد رکھ اے دوست-

(۲) پہلی یہ ہیکہ توانصاف والا ہوے- نیز (دوسری) اپنی عقل سے باخبر ہوے

(۳) (تیسری) صبر کے ساتھ اللہ کے نزدیکی حاصل کرنا ہے- (چوتھی) لوگوں کی عزت بجا لانا ہے-

(٤) دوسری چار چیزیں اے نیک ذات- تمام مخلوق کے پاس وہ بہت بری ہیں-

(٥) ان چاروں میں سے پہلا ہے دشمنی کا حسد-اس سے گزر گیا تو گھمنڈ اور خود پسندی ہے

শব্দার্থ– তাহকীক ঃ داد گر (داد + اسم فاعل سماعی - واحد) ন্যায় পরায়ণ, باخبر – گر অবগত, شکیبائی সবর, ধৈর্য, تقرب নৈকট্য, حرمت সম্মান, হারাম হওয়া, حرمت بجا آوردن শ্রদ্ধা করা, عجب وخود بینی আত্ম গরিমা, অহংকার।

বঙ্গানুবাদ ঃ (১) সমস্ত মানুষের জন্য চারটি কাজ উত্তম। তোমার নিকট বলিতেছি তুমি উহা স্মরণ রাখ, প্রিয়!

(২) প্রথম এই যে, তুমি ন্যায় পরায়ণ হইবে, আর (২য়) নিজ বিবেকের ব্যাপারে অবগত হইবে। (অর্থাৎ সকল কাজ কর্ম করিবার পূর্বে বিবেকের দ্বারা চিন্তা ভাবনা করিয়া কাজ করিবে।)

(৩) (৩য়) ধৈর্যের মাধ্যমে (আল্লাহর) নৈকট্য লাভ করা, (৪র্থ) মানুষ কে ইয্যত করা।

(৪) হে সৎ স্বভাবী! অন্য চারটি জিনিষ- সকল মাখলুকের নিকট অতি খারাপ।

(৫) উক্ত চারটির মধ্য হইতে এক হইল শত্রুতা মূলক হিংসা, (ইহা দোষনীয় নয়।) তুমি উহা অতিক্রম করিলে তৎপর অহংকার ও আত্মগরিমা।

Free @ www.e-iqra.freebly.com

خشم را دیگر فرو ناخوردنست | خصلت چارم بخیلی کردنست
اے پسر کم گرد گرد ایں خصال | از برائے آنکہ زشت اند ایں فعال
غل و غش بگذار چوں زر پاک شو | پیش از انکہ خاک گردی خاک شو
حرص بگذار و قناعت پیشہ کن | آخر از مردن یکے اندیشہ کن
با مجساں باش دائم ہمنشیں | تا توانی روئے اعدا را مبیں

در بیان سعادت و نصیحت

بر سعادت چار چیز آمد دلیل | شرح ایں ہر چار بشنو اے خلیل

ترجمہ اردو : (۱) دوسری ایک ہے غصہ کو ہضم نہ کرنا- چوتھی خصلت ہے بخیلی کرنا۔

(۲) اے لڑکا ان خصلتوں کے پیچھے نہ پھیر- اسلئے کہ یہ سب کام برے ہیں-

(۳) کینہ اور خیانت کو چھوڑ، سونے کے مانند پاک صاف ہو- اس سے پہلے کہ تو مٹی ہوے مٹی بنجا۔

(٤) لالچ اور قناعت کو پیشہ بنا- آخر مرنے سے پہلے ایکبار فکر تو کر

(٥) ہمیشہ دوستوں کے ساتھ ہم بیٹھک ہو- جہانتک سکے تو دشمنوں کا چہرہ مت دیکھ

(٦) نیک بختی کی چار دلیل آتی ہیں-ان چار کی شرح سن توائے دوست!

শব্দার্থ- তাহকীক ঃ فروناخوردن হজম না করা, کم گرد ঘুরিও না; (کم حرف - امر نفی) م گردیدن - خصال - خصلت এর বহুঃ غل বিদ্বেষ, খাদ, খেয়ানত, غش নিক সরশত সৎ স্বভাবী, نیک زشت অভ্যাস, চরিত্র, ذمیمہ খারাপ, কু, خصلت অতি খারাপ, حسد کینی শত্রুতা মূলক হিংসা।

বঙ্গানুবাদ ঃ (১) অন্য একটি হইল রাগ হজম না করা, চতুর্থ অভ্যাস হইল কৃপণতা

(২) হে বৎস! এই অভ্যাসগুলোর পিছনে ঘুরিওনা, কেননা এই কাজগুলি অন্যায়।

(৩) বিদ্বেষ ও বিশ্বাসঘাতকতা ছাড়িয়া দাও, স্বর্ণের ন্যায় পরিষ্কার হও। মাটি হইবার পূর্বে মাটি হও।

(৪) লোভ-লালসা ছাড় ও অল্পে তুষ্টি কে পেশা বানাও- পরিশেষে মৃত্যুর পূর্বেই একবার চিন্তা কর।

(৫) সদা (সৎ) বন্ধুদের সহিত উঠাবসা কর, যথা সম্ভব শত্রুদের মুখ দেখিও না।

(৬) চারটি জিনিষ সৌভাগ্যের নিদর্শন। এই চারটির ব্যাখ্যা শুন বন্ধু!

Free @ www.e-iqra.com

ازسعادت ہرکرا باشد نشاں	باشدش تدبیرہا با دوستاں
ہرکرا باشد سعادت رہنمائے	صبر پیش آرد از جفائے ناسزائے
ہرکرا بخت وسعادت گشت یار	دیں چہاں باشد بدشمن سازگار
گر تو خود نارِ ہوا را کشتۂ	داں کہ از اہلِ سعادت گشتۂ
گر بود با دوستاں تدبیرِ تو	یار باشد دولتِ شبگیرِ تو

ترجمہ اردو : (۱) نیکبختی کی نشانی جسکو (حاصل) ہوے-اسکے تمام کام دوستوں کے ساتھ ہوے

(۲) نیکبختی جسکے رہبر ہوے - وہ صبر اختیارکریگا نالائق کے ظلم سے-

(۳) نیکبختی جسکا مددگار ہوے- دنیامیں وہ دشمن کے ساتھ موافقت کرنے والا ہوگا

(٤) اگرتوخواہشات کی آگ کو بجھادیا - تو جان لے کہ تو نیکبختوں سے ہوایے-

(٥) اگر دوستوں کے ساتھ تیرا معاملہ ہوے- تو شب بیداری کی دولت تیرا محبوب ہوگا-

শব্দার্থ- তাহকীক ঃ *تدبیرہا* সকল চেষ্টা, কাজ-কর্ম, *رہنما* পথ প্রদর্শক, *اسم سازگار* একমত পোষণকারী, *جفاء (راہ + نما) فاعل سماعی* অত্যাচার, *ناسزا* অবুঝ, অধম ,অযোগ্য, *یسبگیر اسم فاعل سماعی (شباز +گار)* রাত্র জাগরণকারী।

বঙ্গানুবাদ ঃ (১) যাহার মধ্যে সৌভাগ্যের নিদর্শন থাকিবে- তাহার সকল কাজ-কর্ম বন্ধুদের সহিত হইবে। (অর্থাৎ বন্ধুদের সহিত পরামর্শের মাধ্যমে কাজ করিবে ইহা নবীজীর সুন্নত ও।)

(২) সৌভাগ্য যাহার পথ প্রদর্শক হয়- সে নালায়েক (অবুঝ) মানুষের যুলুমের উপর ধৈর্যধারণ করে।

(৩) সৌভাগ্য ও সুনসীবী যাহার সহায় হয় দুনিয়াতে সে বন্ধুদের সহিত একমত পোষণকারী হয়। (অর্থাৎ সন্ধি ও মিলের মাধ্যমে থাকে।) (অর্থাৎ রিপুর বাসনা ত্যাগ কর।

(৪) যদি তুমি বাসনার আগুন কে নিভাইয়া থাক (তবে) জান যে, তুমি সৌভাগ্যশালীদের অন্তর্ভূক্ত হইয়াছ।

(৫) যদি তোমার (নেককার) বন্ধুদের সহিত তোমার কাজকর্ম (উঠাবসা) হয়- তাহলে রাত্রিজাগরণ তোমার বন্ধু হইবে (তোমার নিকট প্রিয় হইবে)।

از سرِ خود ہر کہ کارے میکند | بخت و دولت زو فراری میکند
دشمنِ خود را نباید زد تبر | گر توانی کشت او را با شکر
تا توانی جورِ نا اہلاں بکش | گر ہمی خواہی کہ یابی عیش خوش
چوں ترا آمد مقامے سازگار | برنہ بندی رخت زانجا بیہنا
در نصیحت آں کہ نپذیرد سخن | با چنیں کس پندِ خود ضائع مکن
خوئے بد را نیک کردن مشکل ست | بہمد کردن بہر او بے حاصل ست

ترجمہ (۱) جوشخص اپنی رائی سے کام کرتاہے- بخت اور سعادت اسسے بھاگتی ہے
(۲) اپنی دشمن کو کلہاڑی مارنا نہیں چاہئے- اگرتو اسکو چینی سے مار سکے ۔
(۳) جہانتک سکےتونالائقوں کا ظلم برداشت کر- اگرتوچاہتاہے کہ اچھی زندگی پائے-
(٤) جب تجھے کوئی موافق موقع آجائے- وہاں سے ہرگز سامان نہ باندھے-
(٥) جوکوئی نصیحت کي بات قبول نہ کرے- اسکے ساتھ اپنی نصیحت کوبربادنہ کر
(٦) بری خصلت کو اچھا کرنا مشکل ہے- کوشش کرنا اسکیلئے بیفائدہ ہے-

শব্দার্থ-তাহকীক ঃ سر খেয়াল, মত, فراری পলায়ন تبر কুড়াল, بکش টান, সহ্যকর অর্থে, عیش خوش সূখী জীবন, مقامے سازگار উপযুক্ত কোন স্থান, برنہ رخت - بر زائدہ - م بندن مضارع منفی، واحد حاضر সামান, بندی বাঁধিবেনা, جہد (از + ان + جا) চেষ্টা, পরিশ্রম, ضائع বেকার, নষ্ট। زانجا ঐ স্থান হইতে

বঙ্গানুবাদ ঃ (১) যে (পরামর্শ ছাড়া) নিজ মতানুযায়ী কাজ করে- সৌভাগ্য ও সম্পদ তাহার থেকে পলায়ন করে।

(২) নিজ শত্রু কে কুড়াল মারা উচিৎ নয়, যদি তাহাকে চিনি দ্বারা (কৌশলে) হত্যা করিতে পার।

(৩) যথা সম্ভব অবুঝদের জ্বালা-যন্ত্রনা সহ্য কর, যদি তুমি সূখী জীবন চাও।(১)

(৪) যখন তোমার অনুকূল কোন স্থান মিলে, কখনো উক্ত স্থান হইতে সামান বাঁধিবেনা- (অন্যত্র যাইবেনা বরং সেখানেই শান্তিতে বাস করিবে)

(৫) যে নসীহতের কথা কবুল করেনা, নিজ নসীহত তাহার নিকট নষ্ট করিও না,

(৬) কু-স্বভাব কে ভাল করা কষ্টকর, উহার জন্যে চেষ্টা করা অনর্থ।

টীকা ঃ (১) অর্থাৎ সূখী জীবন জাপন করিতে চাহিলে অবুঝ নির্বোধ মানুষের দূর্ব্যবহার ও যন্ত্রনা সহ্য করিতে হইবে, ইহাতে দুনিয়াতে কলহ দ্বন্দ কম এবং শান্তি পাওয়া যায়। অপরদিকে পরকালেও উহার সওয়াব পাওয়া যায়। আর সহ্য না করিয়া উহার প্রতিশোধ লইতে চাহিলে আর্থিক, মানষিক ও ইয্যত সম্মান সবদিক হইতে ক্ষতিগ্রস্থ হইতে হয়।

Free @ www.eelm.weebly.com

Free @ www.eBanglaweebly.com

بندہ را گر نیست در کارِ رضا | کے تواند باز گرداند قضا
ہر کہ او ایستیزہ با سلطاں کند | کارِ خود را سر بسر ویراں کند
ہر کہ او باغی شود از بادشاہ | روزِ او چوں تیرہ شب گردد تباہ

در بیانِ علامتِ مدبراں

چار چیز آمد نشانِ مُدبری | یادگیرش گر تو روشن خاطری
مُدبری باشد بابلہ مشورت | پیش جاہل دادنِ سیم و زرت
ہر کہ پندِ دوستاں نکند قبول | در حقیقت مدبر است آں بوالفضول

ترجمہ اردو : (۱) بندہ کو اگر کسی کام میں (قضاپر) رضا مندی نہیں ہے- تو وہ کب قضا کو رد کرسکتاہے؟

(۲) جو شخص بادشاہ سے لڑائی کرتاہے- وہ اپنے کام بالکل برباد کردیتاہے-

(۳) جوبادشاہ سےبغاوت کرنے والاہوتاہے- اسکا دن اندھیری رات کیطرح برباد ہوتاہے

(٤) چار چیزیں بدبختی کی علامتیں ہین اسکو یادرکھ اگرتو روشن دل والا ہے

(٥) احمق کے ساتھ مشورہ بدبختی ہے- اور جاہل کو تیرا سونا چاندی دینا بھی ۔

(٦) جو دوستوں کی نصیحت کو قبول نہیں کرتاہے- حقیقت میں وہ بیہودہ بدبخت ہے-

---

শব্দার্থ- তাহকীক ঃ *درکارے* কোন কাজে অর্থাৎ খোদায়ী সিদ্ধান্তে - *استیزہ* লড়াই, যুদ্ধ *ستیزہ* - *ہمزہ زائدہ* *باغی* বিদ্রোহী, *تیرہ* অন্ধকার, *روشن خاطری* জ্যোতির্ময় অন্তরের অধিকারী হওয়া। *بو الفضول* বেহুদার পিতা, অধম অর্থে।

বঙ্গানুবাদ ঃ (১) কোন কাজে যদি বান্দার (তাকদীরের উপর) সন্তুষ্টা না থাকে, কিভাবে সে তাকদীর কে রদ করিবে? (সুতরাং সন্তুষ্ট থাকাই বাঞ্ছনীয়।)

(২) যে ব্যক্তি বাদশাহর সহিত যুদ্ধ করে, সে নিজের কাজ কে সম্পূর্ণ ধ্বংস করিয়া দেয়।

(৩) যে বাদশাহর বিদ্রোহী হয়, তাহার দিন অন্ধকার রাতের ন্যায় ধ্বংস হইয়া যায়।

(৪) চারটি কাজ হতভাগ্যের আলামত, যদি তুমি অন্তরজ্যোতি সম্পন্ন হও উহা স্মরণ রাখ।

(৫) নির্বোধের সহিত পরামর্শ করা হতভাগ্যতা, আর অধম ব্যক্তিকে সোনা রুপা (টাকা-পয়সা) দেওয়াও। (সে এর কোনটির মূল্যায়ন করিবে না।)

(৬) যে ব্যক্তি বন্ধুদের উপদেশ কবুল করেনা- বাস্তবিকই উক্ত নরাধম হতভাগা।

Free @ www.e-iqra.weebly.com

هر که از دنیا نگیرد عبرتے | هست ازاں مُدبر جہاں را نفرتے
مشورت ہر کس کہ با ابلہ کند | دیو ملعونش سبک گمرہ کند
آنکہ مال و زر دہد با جاہلاں | آنچناں کس کے بود از مُقبلاں
زر چو جاہل را ہمی آید بکف | میکند اسراف می سازد تلف
نشنود از دوست مُدبر پندرا | از جہالت بگسلد پیوندرا
عبرتے گیر از زمانہ اے جواں | تا نباشی از شمارِ مُدبراں
ہر کرا از عقل آگاہی بود | نزدِ او ادبار گمراہی بود

ترجمہ اردو : (۱) جو شخص دنیاسے کوئی نصیحت حاصل نہیں کرسکتاہے - اس بدبخت سے دنیا والوں کو نفرت ہوتی ہے -
(۲) جوشخص بیوقوف کےساتھ مشورہ کرتاہے- ملعون ابلیس اسکوجلدگمراہ کرتاہے
(۳) جو مال اور سونا نادانوں کو دیتاہے- اس جیسے شخص کب خوش نصیب ہوگا؟
(٤) جاہل کے ہاتھ میں جب مال آتاہے- تو بیہودہ خرچ کرتاہےاور بردباد کردیتاہے
(٥) بدنصیب شخص نصیحت نہیں سنتاہے- بے وقوفی سے وہ توڑتاہے جوڑکو
(٦) اےجواں! زمانہ کےگردش سے نصیحت حاصل کر-تاکہ بدبختوں میں شمار نہ ہوے
(۷) جسکو عقل سے خبرہو (عقلمند ہو) - اسکے نزدیك بدبختی گمراہی ہے

শব্দার্থ- তাহকীক ঃ عبرتے কোন উপদেশ, نفرت ঘৃণা, دیو শয়তান, জ্বিন, سبك দ্রুত, হালকা, بكف হাতে, اسراف অপচয়, تلف বরবাদ, بگسلد ভাঙ্গিয়া ফেলে, مضارع - م گسلیدن- پیوند জোড়, সম্পর্ক।

বঙ্গানুবাদ ঃ (১) যে ব্যক্তি দুনিয়া হইতে উপদেশ গ্রহণ করেনা, দুনিয়াবাসীর উক্ত দূর্ভাগ্যের প্রতি ঘৃণা থাকে।

(২) যে নির্বোধের সহিত পরামর্শকরে, অভিশপ্ত শয়তান তাহাকে দ্রুত গোমরাহ করে,

(৩) যে বোকামানুষদের নিকট মাল অর্পণ করে, ঐ জাতীয় ব্যক্তি কিরূপে সৌভাগ্য বান হইবে?

(৪) বোকা মানুষের হাতে যখন অর্থ-সম্পদ আসে- সে অপচয় করে ও ধ্বংস করে।

(৫) হতভাগা ব্যক্তি বন্ধুর উপদেশ গ্রহণ করেনা, বোকামীর দরুণ সম্পর্ক ছিন্ন করে।

(৬) হে যুবক! কালের(চক্রান্ত) থেকে উপদেশ লও, যাহাতে হতভাগা গণ্য না হও।

(৭) যাহার জ্ঞানের সংবাদ আছে। (অর্থাৎ যে জ্ঞানী হয়) তাহার নিকট দূর্ভাগ্যতা (এক প্রকার) গোমরাহী।

Free @ www.e-iqra.weebly.com

در بیان آنکہ چہار چیز را حقیر نباید شمرد

چار چیز آمد بزرگ و معتبر — می نماید خرد لیکن در نظر
زاں یکے خصم ست و دیگر آتش ست — باز بیماری کزو دل ناخوش ست
چارمی دانش کہ آراید ترا — ایں ہمہ تا خرد نماید نزا
ہر کہ در چشمش عدو باشد حقیر — از بلائے او کند روزے نفیر
ذرۂ آتش چو شد افروختہ — بینی از وے عالمے را سوختہ

ترجمہ اردو : (۱) چار چیزیں بڑی اور قابل اعتبار ہیں- لیکن نظر میں چھوٹی دیکھلاتی ہیں -

(۲) ان میں ایک ہے دشمن اور دوسری ہے آگ- اسکے بعد بیماری کیونکہ اس سے دل خوش نہیں رہتا ہے -

(۳) چہارم وہ عقل ہے جو تجھے سنوارتا ہے-یہ سب چیزیں تجھے حقیر نہ دیکھلائے -

(٤) جسکے نظر میں دشمن حقیر ہوے-ایک دن وہ اسکی مصیبت سے آہ وزاری کریگا

(٥) ایک ذرہ آگ جب جلتا ہوا - دیکھیگا تو اس سے ایک جہاں کو جلا ہوا

শব্দার্থ- তাহকীক ঃ حقیر তুচ্ছ, نباید شمرد গণ্য করা উচিৎ নয়। بزرگ বড়, শ্রেষ্ঠ, معتبر বিশ্বস্ত, লক্ষণীয়, خرد ছোট, چارمی চতুর্থ, خصم বাদী, آراید সজ্জিত করে, مضارع - م آراستن, عدو - শত্রু, نفیر আহাজারি, افروختہ প্রজ্বলিত।

বঙ্গানুবাদঃ (১) চারটি বস্তু অতি বড় ও লক্ষনীয় অথচ নজরে অতি তুচ্ছ দেখায়।

(২) উহার মধ্যে একটি হইল শত্রু, অপরটি হইল আগুন, অতঃপর (তৃতীয়) রোগ যাহাতে মন খারাপ থাকে।

(৩) চতুর্থ হইল বুদ্ধি-জ্ঞান যাহা তোমাকে সজ্জিত করে। এই গুলি যেন তোমার নিকট ছোট্ট না দেখায়। ১.

(৪) যাহার চোখে শত্রু তুচ্ছ (অনুভব) হয় –একদিন সে উহার বিপদের কারণে আহাজারি করিবে।

(৫) যার্‌রা (অনু) পরিমাণ আগুন যখন প্রজ্জলিত হয় উহার দ্বারা একটি জগৎ কে দগ্ধিভূত দেখিবে। ২.

টীকা ঃ (১) অর্থাৎ এই সবের কোনটিকে তুচ্ছ মনে করিও না। বরং দেখা মাত্রই উহা হইতে দূরে থাকিবার চেষ্টা করিবে। অন্যথায় একদিন তোমার জীবন কে শেষ করিয়া দিবে। তখন আফসোস করিলেও কোন ফল হইবে না।

(২) সুতরাং সামান্য ও তুচ্ছ মনে করিয়া না নিভাইলে একদিন দেখিবে উহা বিশাল এলাকা জ্বালাইয়া ছারখার করিয়া দিয়াছে।

علم اگر اندک بود خوارش مدار	زانکہ دارد علم قدرے بے شمار
رنج اندک را بکن غمخوارگی	ورنہ بینی عجز در بیچارگی
دردِ سر اگر نجوید کس علاج	خوفِ آں باشد کہ بر گردد مزاج
باش از قولِ مخالف پُر حذر	پیش ازاں کز پا درآئی اے پسر
آتشِ اندک تواں کشتن بآب	وائے آں ساعت کہ گیرد التہاب

Free @ www.e-iqra.weebly.com

ترجمہ (۱) علم اگرکم بھی ہو تو اسے ذلیل مت رکھ- اسلئے کہ علم بہت قدر رکھتاہے
(۲) تھوڑی بیماری کی بھی تو تدبیر کر * ورنہ تو ناچارگی دیکھیگا عاجزی کیوقت ۔
(۳) اگرکوئی شخص درد سرکی دوا تلاش نہ کرے-تویہ ڈر ہے کہ مزاج بگڑ جائیگا ۔
(٤) تو دشمن کی بات سے پرہیز کرنے والا ہو ائے لڑکا! اس سے پہلے کہ تو پاؤں سے نکل آوے (عاجز ہوجاوے)
(٥) تھوڑی آگ تو پانی سے بجھاسکتاہے- (اگرنہ بجھائے تو) افسوس (کرنا) ہے اسوقت جبکہ وہ شعلہ پکڑے ۔

শব্দার্থ- তাহকীক ঃ *اندک* কম, সামান্য, *خوارش مدار* উহাকে তুচ্ছ জানিও না, *رنج* কষ্ট, রোগ অর্থে, *در بیچارگی* অপারগতার সময়ে, *نجوید* তালাশ না করে - *برگردد مزاج* মস্তিষ্ক খারাপ হইয়া যাইবে, *مخالف* শত্রু, প্রতিপক্ষ, *پرحذر* সতর্ক, সাবধান, *پادرآئی* পায়ে আসিবে, অক্ষম হইয়া যাইবে। *وائے* আফসোস, *التہاب* উত্তেজিত হওয়া, কুন্ডলী পাকান।

বঙ্গানুবাদ ঃ (১) ইল্‌ম যদি কম ও হয় উহাকে তুচ্ছ জানিও না, কেননা উহা অতি মর্যাদার বস্তু।

(২) সামান্য রোগের ও চিকিৎসা কর, নতুবা অপরাগতার সময় অক্ষমতা দেখিবে। ১.

(৩) মাথা ব্যাথার যদি কেহ ঔষদ তালাশ না করে- ইহার আশংকা আছে যে, (শেষে) মস্তিষ্ক বিকৃতি ঘটিবে।

(৪) শত্রুর কথা হইতে সদা সতর্ক হও ইহার পূর্বে যে, (দমন করা হইতে) অক্ষম হইয়া যাইবে, হে বৎস!

(৫) সামান্য আগুন কে পানি দ্বারা নিভান যায়- তখন আফসোস করিতে হইবে যখন উহা (কুন্ডী পাকাইবে) উত্তেজিত হইবে।

টীকা ঃ (১) অর্থাৎ রোগ বাড়িতে বাড়িতে এক সময় তুমি দূর্বল হইয়া পড়িবে, তখন চিকিৎসার দ্বারা রোগ নিরাময় হইবে না।

در بیانِ مذمّتِ خشم و غضب

اے پسر ہر کس کہ دارد چار چیز — چار دیگر ہم شود موجود نیز
عاقبت رسوائی آید از لجاج — خشم را نکند پشیمانی علاج
بے گماں از کبر خیزد دشمنی — حاصل آید خواری از کاہل تنی
چوں بجوجی درمیاں پیدا شود — بندہ از شومیِ اُو رسوا شود
خشمِ خود را چونکہ راند جاہلے — جُز پشیمانیش نبود حاصلے

ترجمہ اردو : (۱) اے لڑکا جو چار چیز رکھتا ہے- دوسری چار چیز بھی اسمیں پیدا ہوجاتی ہے

(۲) آخر اسکو بے عزتی آتی ہے جھگڑنے سے- شرمندہ ہونا غصہ کو علاج نہیں کرتا ہے

(۳) بے شک کبر سے دشمنی اٹھتی ہے (پیدا ہوتی ہے) سستی سے ذلتی حاصل ہوتی ہے

(٤) جب آپس میں دشمنی پیدا ہوتی ہے- بندہ اسکی نحوست سے رسوا ہوتا ہے۔

(٥) جب کوئی جاہل اپنا غصہ کو چلاتا ہے- اسکو پشیمانی کی سوا کچھ حاصل نہیں ہوتا ہے۔

শব্দার্থ- তাহকীক ঃ مذمت অনিষ্টতা, দূর্ণাম, (ক্ষতি উদ্দেশ্য) خشم রাগ, لجاج ঝগড়া,, কলহ- দ্বন্দ, پیشمانی লজ্জা, অনুতাপ, علاج চিকিৎসা, خواری অপদস্থতা, লাঞ্ছনা, کاہل تنی অলসতা, لجوجی ঝগড়া,-বিবাদ, شومی او উহার অশুভতায়,

অনুবাদ ঃ (১) হে বৎস! যে ব্যক্তির মধ্যে (নিম্নের) চারটি দোষ থাকে আরো চারটি জিনিষ তাহার মধ্যে বিদ্যমান থাকে।

(২) ঝগড়ার কারণে পরিণামে লজ্জিত হইতে হয়। অনুতাপে রাগের চিকিৎসা করেনা। ১.

(৩) নিঃসন্দেহে অহংকার দ্বারা শত্রুতা সৃষ্টি হয়। (আর) অলসতার দ্বারা লাঞ্ছনা লাভ হয়।

(৪) পরস্পরে যখন শত্রুতা সৃষ্টি হয় (উভয়) ব্যক্তি তখন উহার অশুভতায় (অনিষ্টের দরুন) অপদস্থ হয়।

(৫) কোন অজ্ঞ ব্যক্তি যখন নিজ রাগ চালনা করে- তাহার লজ্জিত হওয়া ছাড়া কোন কিছু মিলেনা। (অর্থাৎ পরে অনুতপ্ত হইতে হওয়াই সায় হয়।)

টীকা ঃ (১) অর্থাৎ রাগের দরুন মানুষ জঘন্য কাজ করিয়া বসে যাহা আদৌ উচীৎ নয়। পরিশেষে রাগ বা ঝগড়া বিবাদ মিটিবার পর উহার কারণে আফসোস করিতে হয়। কিন্তু তাহাতে উহার কোন ক্ষতি পূরণ হয় না।

Free @ www.e-iqra.com

Free @ www.e-iqra.net

ہرکہ گشت از کبر بالا گردنش | دوستاں گردند آخر دشمنش
کاہلی را ہرکہ سازد پیشۂ | آید از خواری بپایش تیشۂ
خشم خود را گر فرو نخورد کسے | عاقبت بیند پشیمانی بسے
ہرکہ اوا وفتادۂ وتن پرورست | نیست آدم کمتر از گاؤ وخرست

در بیان بے ثباتی چہار چیز و پرہیز ازاں

چار چیزاے خواجہ کم دارد ثبات | گوش دارا ے مومن نیکو لقا
چوں بنا جنساں نشیند آدمی | کمترک بیند از ایشاں ہمدمی

ترجمہ : (۱) جس کی گردن کبرسے اونچاہو-آخراسکے دوست بھی دشمن ہوجاتے ہیں
(۲) جوشخص سستی کوپیشہ بناتاہے-اسکی پاؤں میں رسوائی کی کلہاڑی ہوتی ہے۔
(۳) جو شخص اپنے غصہ کوہضم نہیں کرتاہے-آخرانجام وہ بہت شرمندگی دیکھیگا۔
(٤) جوشخص غافل اور تن پرور ہے- وہ انسان نہیں بلکہ گاؤ، گدھے سےبھی کمتر ہے
(٥) اے صاحب! چار چیزیں پائداری کم رکھتی ہے- تو سن اے خوش لقا مومن۔
(٦)بادشاہ کے ظلم کی پائداری کم ہوتی ہے۔ پھردوستوں کی سرزنش بھی بہت کم ہوتی ہے

শব্দার্থ- তাহকীক ঃ کاہلی অলসতা, سازد বানায়, غائب - واحد - مضارع افتادہ পতিত, অলস উদ্দেশ্য, اسم مفعول- م افتادن تیشہ কুড়াল, م ساختن - تن پرور বিলাসিতা প্রিয়, بے ثباتی অস্থায়িত্ব, خواجہ প্রভু, জনাব, بقا স্থায়িত্ব, نیکو لقا সাক্ষাৎ ধন্য ব্যক্তি অর্থাৎ যাহার সাক্ষাৎ কে মানুষে ধন্য মনে করে।

বঙ্গানুবাদ ঃ (১) অহংকারে যাহার মাথা উঁচু হয়, শেষে তাহার বন্ধুগণও শত্রু হইয়া যায়।

(২) অলসতা কে যে পেশা বানায় তাহার পায়ে অপদস্থতার কুড়াল লাগিবে।

(৩) নিজ রাগকে যদি কেহ হজম (দমন) না করে পরিণামে সে বহু লজ্জা অনুতাপ দেখিবে, (পরিণামে তাহাকে অতি অনুতপ্ত হইতে হইবে।)

(৪) যে অলস ও বিলাস প্রিয় হয়, সে মানুষ নয় বরং গরু গাধা হইতে ও নিকৃষ্ট।

(৫) জনাব! চারটি বস্তুর স্থায়িত্ব কম হে সাক্ষাৎ ধন্য (মান্যবর) মুমিন! তুমি উহা মনযোগের সহিত শ্রবণ কর।

(৬) বাদশাহর অত্যাচারের স্থায়িত্ব খুবই কম হয়- অতঃপর বন্ধু বান্ধবের তিরস্কার ও খুব কম হইয়া থাকে। ১.

টীকা ঃ (১) অর্থাৎ যে, বাদশাহ জুলুম অত্যাচার করে সে বেশী দিন রাজত্ব করিতে পারিবে না, অচিরেই রাজত্ব তাহার হাত ছাড়া হইয়া যায়। তদরূপ বন্ধু বান্ধবের তিরস্কার ও দীর্ঘ স্থায়ী হয় না। সামান্য পরেই উহা মিটিয়া যায়, এই কারণে ইহাতে পেরেশান হওয়া ঠিক নয়।

Free @ www.e-iqweebly.com

جورِ سلطاں را بقا کمتر بود | پس عتابش را صدف کمتر بود
دیگر آں مہرے کہ بینی از زناں | بے بقا چوں صحبتِ ناجنس داں
بارعیت چوں کند سلطاں ستم | مروُ را باشد بقا در مُلک کم
گر ترا از دوستاں آید عتاب | کم بقا باشد چو خط بر روئے آب
گرچہ باشد زن زمانے مہرباں | چوں کم آید بہرہ بکشاید زباں

